# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৮০. মহৎ কাজই সুখের উপায়

অন্যদের কল্যাণ হোক এটা যদি আপনি চান তবে আল্লাহর পক্ষ থেকে আপনার জন্য এক মহা পুরস্কার আছে।

আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) বলেছেন- “আমার মাঝে তিনটি গুণ আছে।

প্রথমটিঃ যখনই বৃষ্টি হয় তখনই আমি আল্লাহর প্রশংসা করি। এ নেয়ামতের জন্য আমি খুশি হই, যদিও আমার কোন উট নেই বা কোন ছাগল-বকরী নেই, যা বৃষ্টি থেকে (উৎপন্ন ঘাস খেয়ে) উপকৃত হতে পারে।

দ্বিতীয়টিঃ আমি যখন কোন ন্যায়বিচারকের কথা শুনি তার জন্য আল্লাহর কাছে দোয়া করি। যদিও তার নিকট আমার কোন বিচার বা অভিযোগ থাকে না।

তৃতীয়টিঃ যখন আমি কুরআনের কোন আয়াতের অর্থ বুঝতে পারি তখন আমি চাই যে, আমি যা বুঝি অন্যেরাও তা বুঝুক।”

এসব ক’টি গুণই অন্যের কল্যাণের জন্য এক সত্যিকার আকাঙ্ক্ষার প্রতি ইঙ্গিত করে। আল্লাহ এর বিপরীত স্বভাবের লোকদের পরিচয়ে বলেছেন-

الَّذِينَ يَبْخَلُونَ وَيَأْمُرُونَ النَّاسَ بِالْبُخْلِ وَيَكْتُمُونَ مَا آتَاهُمُ اللَّهُ مِن فَضْلِهِ

যারা কৃপণতা করে ও মানুষকে কৃপণতার আদেশ করে এবং আল্লাহ তাদেরকে যে কল্যাণ দান করেছেন তা তারা গোপন রাখে। (৪-সূরা আন নিসাঃ আয়াত-৩৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7689

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন